গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী,ঢাকা-১২১২ ।

নং ডিজিএইচএস/অডিটছাড়পত্র/৬এ-৮৫/২০২৬/. তারিখঃ /০৮/২০২৬ খ্রিঃ।

বিষয়ঃ- স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের হিসাবের ওপর নিয়নানুগ নিরীক্ষা (Compliance Audit) এ উত্থাপিত Serious Financil Irregularities (SFI)হিসেবে চিহ্নিত অনুচ্ছেদের জবাব প্রেরণ প্রসংগে।

সূত্রঃ নং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৪৫.০০.০০০০,০০০.১৭৯.০১.০৯৯৩.২৬-২০৭ তারিখঃ-০৪/০৮/২০২৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের হিসাবের উপর নিয়মানুগ নিরীক্ষা (Compliance Audit) এ উত্থাপিত Serious Financil Irregularities (SFI) হিসেবে চিহ্নিত অনুচ্ছেদের জবাব নির্ধারিত সময়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন। বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) এবং দি (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট ১৯৭৪ অনুযায়ী স্বাস্থ্য অডিট অধিদপ্তর কর্তৃক বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিতভাবে স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের হিসাবের উপর নিয়মানুগ নিরীক্ষা (Compliance Audit) কার্যক্রম সম্পাদন করা হয়। নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করে Audit Inspection Report(AIR) ইস্যু করা হয়।

AIR এ বিধৃত আপত্তিসমুহের জবাব একটি নির্দিষ্ট সময়ের মধ্যে দেয়ার বাধ্যবাধকতা থাকলেও সংশ্লিষ্ট স্বাস্থ্য প্রতিষ্ঠান তা প্রতিপালন করে না। অডিট প্রতিষ্ঠান হতে ব্রডশীট জবাব যথা সময় না পাওয়ার কারণে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে SFI ভূক্ত আপত্তির জবাব স্বাস্থ্য অডিট অধিদপ্তরে নিস্পত্তির সুপারিশসহ প্রেরণ করা সম্ভব হয় না। ফলশ্রুতিতে এসব আপত্তির মধ্যে অধিক গুরুতর আপত্তিসমুহ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি)-র অডিট রির্পোটে অন্তভূক্ত হয়ে যায়। পরবর্তীতে সিএপির রির্পোটভূক্ত এসকল আপত্তি নিস্পত্তির ক্ষেত্রে সিএপি কার্যালয়ের অনুমোদন গ্রহণসহ মহান জাতীয় সংসদে পাবলিক অ্যাকাউন্টস কমিটির (PAC) অনুশাসন প্রয়োজন হয়। উপরন্তু এসব আপত্তির সাথে জড়িত অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের পেনশন প্রক্রিয়ার জন্য অডিট ছাড়পত্র প্রদান বাঁধাগ্রস্থ হয়।

বর্ণিতাবস্থায়, আর্থিক সালে উত্থাপিত আপত্তিসমূহ নিস্পত্তির নিমিত্তে জরুরী ভিত্তিতে স্ব-স্ব প্রতিষ্ঠানের SFI স্বাস্থ্য সেবা বিভাগের আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিটে প্রেরণ নিমিত্তে ৩(তিন) সেট ব্রডশীট জবাবসহ অন্যান্য কাগজ পত্রাদি জরুরী ভিত্তিতে পত্র প্রাপ্তির ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণ-পরিচালক, অর্থ) বরাবর প্রেরণ করিবার জন্য সংশ্লিষ্ট অডিটি প্রতিষ্ঠান সমূহকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ইহাতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রহিয়াছে।

(ডাঃ মোহাম্মদ রুবাইয়াত বিন করিম)
পরিচালক(অর্থ)(ভারপ্রাপ্ত)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

নং ডিজিএইচএস/অডিটছাড়পত্র/৬এ-৮৫/২০২৬/ ৪৭৪/১(২০) তারিখঃ ২৫ /০৮/২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলোঃ

১। সচিব,স্বাস্থ্য সেবা বিভাগ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা, দৃষ্টি আকর্ষণঃ- যুগ্ম সচিব (আঃ ব্যঃ অডিট ইউনিট)।
২। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
৩। মহাপরিচালক,স্বাস্থ্য অডিট অধিদপ্তর,অডিট কমপ্লেক্স (৪র্থ তলা),সেগুন বাগিচা ,ঢাকা।
৪। পরিচালক,মেডিকেল কলেজ হাসপাতাল--------------------সকল।
৫। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল ------------------------সকল।
৬। পরিচালক(স্বাস্থ্য)-------------------------------------- -সকল।
৭। তত্তাবধায়ক, জেনারেল হাসপাতাল----------------------- সকল।
৮। সহকারী পরিচালক(এমআইএস), স্বাস্থ্য.অধিদপ্তর, মহাখালী, ঢাকা। অডিট ছাড়পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৯। সিভিল সার্জন------------------------------------------ সকল।
১০। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা-------------------------সকল।

২৫/০৮/২৬
সহকারি পরিচালক
(অডিট/ নিঃ নিঃ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।